# B.A. 3rd Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-VII

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১. *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

(ক) 'বীরাঙ্গনা' কাব্যটি মধুসূদন কাকে উৎসর্গ করেন? উৎসর্গপত্রে সেই ব্যক্তিকে তিনি কোন বিশেষণে ভূষিত করেছিলেন?

(খ) "থাকে যদি ধর্ম, তুমি অবশ্য ভুঞ্জিবে/ এ কর্মের প্রতিফল!"— 'ভুঞ্জিবে' কথাটির অর্থ কী? কার, কোন কর্মের কথা বলা হয়েছে?

(গ) "সপত্নী বলিয়া তারে গঞ্জিতাম রোষে!"— কে, কাকে, কেন সপত্নী বলে গঞ্জনা দিতেন?

(ঘ) "শুন নিবেদন পুনঃ।"— 'পুনঃ' নিবেদনটি কী?

(ঙ) "জীবনের আশা, হায়, কে ত্যজে সহজে!"— উদ্ধৃতিটির প্রসঙ্গসহ ব্যাখ্যা করো।

(চ) "উর্ব্বীধামে উর্ব্বশীরে দেহ স্থান এবে,/ উর্ব্বীশ!"— 'উর্ব্বীধাম' এবং 'উর্ব্বীশ' শব্দ দুটির অর্থ লেখো।

(ছ) "লোক-মাতা রমা কি হে, এ ভ্রষ্টা রমণী?"— কার সম্পর্কে কেন এমন মন্তব্য?

(জ) "এ কি কথা শুনি আজ মন্থরার মুখে,"— 'মন্থরা' কে? বক্তা মন্থরার মুখে কোন কথা শুনেছেন?

(ঝ) 'সারদামঙ্গল' কাব্যের সূচনায় উল্লিখিত সংস্কৃত শ্লোকটির অর্থ লেখো।

(ঞ) 'সারদামঙ্গল' কাব্যে ব্যবহৃত একটি রাগিণী ও একটি তাল-এর উল্লেখ করো।

(ট) "মুগ্ধ মত্ত নেত্র দুটি, আধ ইন্দীবর ফুটি"— 'ইন্দীবর' শব্দের অর্থ কী? কার নেত্র দুটিকে ইন্দীবরের সঙ্গে তুলনা করা হয়েছে?

(ঠ) "আনন্দে ত্যজিব তনু ও রাঙা চরণতলে।"— কথাগুলির প্রসঙ্গ নির্দেশ করো।

(ড) "করুণ-হৃদয় মুনি বিহ্বলের প্রায়"— মুনিটি কে? তাঁর বিহ্বলতার কারণ কী?

(ঢ) 'সারদামঙ্গল' কাব্যে মোট কতগুলি সর্গ এবং কতগুলি গীত আছে?

(ণ) "মানস-মরালী মম আনন্দ-রূপিণী"— কাব্য অনুসরণে কথাগুলির তাৎপর্য লেখো।

২. *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও:

৫×৪=২০

(ক) ''জনম মম মহা ঋষিকুলে/তবু চণ্ডালিনী আমি?''— কথাগুলির প্রেক্ষিত উল্লেখ করে বক্তার চরিত্র-বৈশিষ্ট্য তুলে ধরো।

(খ) ওভিদ রচিত পত্রকাব্যটির নাম কী? সংক্ষেপে 'বীরাঙ্গনা' কাব্যে ওভিদের রচিত পত্রকাব্যটির প্রভাব আলোচনা করো।

(গ) 'দশরথের প্রতি কেকয়ী' পত্রিকাটি 'বীরাঙ্গনা' কাব্যের কত সংখ্যক পত্রিকা? পত্রিকাটি অবলম্বনে কেকয়ীর বীরাঙ্গনা সত্তার পরিচয় দাও।

(ঘ) 'সারদামঙ্গল' কাব্যের ত্রিকালের ত্রিবিধ সরস্বতীমূর্তি কোনগুলি? যে-কোনো একটি কালের সরস্বতীমূর্তির স্বরূপ বিশ্লেষণ করো।

(ঙ) গীতিকাব্য কাকে বলে? সংক্ষেপে 'সারদামঙ্গল' কাব্যের গীতিকাব্যিক বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

(চ) 'সারদামঙ্গল' কাব্যের কোন সর্গে হিমালয়ের বর্ণনা আছে? কবি হিমালয়ের যে বর্ণনা দিয়েছেন তা তোমার ভাষায় লেখো।

৩. নীচের প্রশ্ন *দুটির* উত্তর দাও:

১০×২=২০

(ক) পত্রকাব্য কাকে বলে? পত্রকাব্যরূপে 'বীরাঙ্গনা' কাব্যটির সার্থকতা বিচার করো।

*অথবা*

জনা-কাহিনির উৎস লেখো। জনা কোন দিক দিয়ে যথার্থ বীরাঙ্গনা চরিত্র হয়ে উঠেছে তা আলোচনা করো।

(খ) কে, কোথায় 'সারদামঙ্গল'-এর কবিকে 'ভোরের পাখী' বলেছেন? 'সারদামঙ্গল' অবলম্বনে কবিকে 'ভোরের পাখী' বলার সার্থকতা বিচার করো।

*অথবা*

''সরস্বতী সম্বন্ধে সাধারণত পাঠকের মনে যেরূপ ধারণা আছে কবির সরস্বতী তাহা হইতে স্বতন্ত্র''— এই মন্তব্য অনুসরণে 'সারদামঙ্গল' কাব্যের সারদা পরিকল্পনায় বিহারীলাল চক্রবর্তীর নিজস্বতা কোথায় তা বুঝিয়ে দাও।

---

# B.A. 3rd Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-VI

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১. *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

(ক) মৌখিক ধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।

(খ) বাক্যবিধি বলতে কী বোঝো? যৌগিক বাক্যের একটি দৃষ্টান্ত দাও।

(গ) অযোগবাহ বর্ণ কাকে বলে?

(ঘ) বিষমীভবন প্রক্রিয়াটি বুঝিয়ে লেখো।

(ঙ) অর্থসংক্রম কাকে বলে উদাহরণসহ লেখো।

(চ) 'আয়েস না করলে খরচ কম হবে,
আলমারিতে দু'চার পাউণ্ড জমবে।'—
রেখাঙ্কিত শব্দগুলি কোন কোন ভাষা থেকে আগত তা জানাও।

(ছ) অনূদিত ঋণশব্দ এবং কৃতঋণ শব্দের মধ্যে পার্থক্য কোথায় তা লেখো।

(জ) দ্বিভাষিক রীতি কাকে বলে?

(ঝ) বাংলা ভাষায় স্বরাগম কতপ্রকার ও কী কী?

(ঞ) বাংলা ভাষায় 'শ' এবং 'ষ' বর্ণ দুটির উচ্চারণগত পার্থক্য লেখো।

(ট) প্রাচীন বাংলা ভাষার নিদর্শন পাওয়া যায় এমন দুটি গ্রন্থের নাম লেখো।

(ঠ) বাংলা ভাষায় প্রচলিত রয়েছে এমন দুটি বর্ণচোরা শব্দের দৃষ্টান্ত দাও।

(ড) স্বতোনাসিক্যীভবনের প্রাধান্য রয়েছে বাংলা ভাষার কোন উপভাষায়? লোক > লক উচ্চারিত হয় কোন উপভাষায়?

(ঢ) মানুষের মনোগত সংস্কারের কারণে শব্দার্থ পরিবর্তন ঘটে, দুটি দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও।

(ণ) দুটি মিশ্র শব্দের উদাহরণ দাও।

২. *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

(ক) বাংলা শব্দভাণ্ডারের তদ্ভব শব্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) আধুনিক যুগের বাংলা ভাষার পাঁচটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(গ) স্বরসংগতি কাকে বলে? স্বরসংগতির প্রকারভেদ দৃষ্টান্তসহ আলোচনা করো।

(ঘ) শুদ্ধ বাক্যের তিনটি সূত্র উপযুক্ত দৃষ্টান্তসহ লেখো।

(ঙ) ভাষা ও উপভাষার সম্পর্ক আলোচনা করো।

(চ) বাংলা স্বরধ্বনিগুলির উচ্চারণকালে মুখবিবরে জিভের অবস্থান এবং ওষ্ঠ-অধরের আকৃতি অনুসারে তাদের শ্রেণিবিন্যাস করো।

৩. *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

(ক) বঙ্গালী উপভাষার সাধারণ লক্ষণগুলি উপযুক্ত উদাহরণসহ লেখো।

(খ) কোন কোন কারণে শব্দার্থের পরিবর্তন ঘটে, তা উদাহরণসহ আলোচনা করো।

(গ) বাংলা ভাষায় স্বরধ্বনি বিলোপ এবং ব্যঞ্জনধ্বনি বিলোপ কীভাবে ঘটে তা দৃষ্টান্তসহ লেখো।

(ঘ) প্রাচীন বাংলা ভাষার লক্ষণগুলি সংক্ষেপে আলোচনা করো।

———————

# B.A. 3rd Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-V

Time: 3 Hours

Full Marks: 60

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১. *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

(ক) প্রকাশকালসহ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

(খ) 'গৌড়ীয় ব্যাকরণ' কার লেখা? কত সালে প্রকাশিত হয়?

(গ) 'তত্ত্ববোধিনী' পত্রিকা কত সালে প্রকাশিত হয়? প্রথম সম্পাদক কে ছিলেন?

(ঘ) 'ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়' গ্রন্থটির রচয়িতা কে? এর ক-টি খণ্ড?

(ঙ) 'ত্রয়ী কাব্য' কী? কে এই কাব্যের রচয়িতা?

(চ) 'বীরবাহু কাব্য' কে রচনা করেন? কত সালে এই কাব্য প্রকাশিত হয়?

(ছ) দ্বিজেন্দ্রলাল রায় রচিত দুটি প্রহসনের নাম লেখো।

(জ) গিরিশচন্দ্রের দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

(ঝ) মধুসূদন দত্ত রচিত ঐতিহাসিক ট্র্যাজেডিটির নাম কী? কত সালে প্রকাশিত হয়?

(ঞ) রবীন্দ্রনাথের লেখা দুটি ভ্রমণসাহিত্যগ্রন্থের নাম লেখো।

(ট) 'তেল নুন লকড়ি' কার রচনা? তাঁর সম্পাদিত পত্রিকাটির নাম লেখো।

(ঠ) 'আলিবাবা' নাটকটির নাট্যকার কে? তাঁর লেখা একটি পৌরাণিক নাটকের নাম লেখো।

(ড) শরৎচন্দ্রের লেখা দুটি উপন্যাসের নাম লেখো।

(ঢ) 'আদর্শ হিন্দু হোটেল' উপন্যাস কার লেখা? এর প্রকাশকাল উল্লেখ করো।

(ণ) 'সম্বাদ প্রভাকর' পত্রিকাটির প্রকাশকাল ও প্রথম সম্পাদকের নাম লেখো।

২. *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

(ক) ফোর্ট উইলিয়ম কলেজের লেখক গোষ্ঠীর অন্যতম ব্যক্তি মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের গদ্যরচনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) বিদ্যাসাগরের অনুবাদমূলক রচনাগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) বাংলা গদ্যের বিকাশে দেবেন্দ্রনাথ ঠাকুরের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) দীনবন্ধু মিত্রের প্রহসন নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

(ঙ) ঈশ্বরচন্দ্র গুপ্তকে কি 'যুগসন্ধির কবি' বলা যায়? যুক্তি দিয়ে আলোচনা করো।

(চ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের ঐতিহাসিক উপন্যাসগুলি সফল কি না আলোচনা করো।

৩. *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

(ক) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কবি প্রতিভার পরিচয় দাও।

(খ) ভূদেব মুখোপাধ্যায়ের প্রবন্ধ সাহিত্যের বৈচিত্র্য নিয়ে আলোচনা করো।

(গ) গিরিশচন্দ্র ঘোষের নাট্যপ্রতিভার পরিচয় দাও।

(ঘ) ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রতিভার পরিচয় দাও।

# B.A. 3rd Semester (Honours) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : SEC-1

Time: 2 Hours

Full Marks: 40

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১. *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর পূর্ণবাক্যে দাও: ২×৫=১০

(ক) সন্ধি বিচ্ছেদ করো :
কল্পনালোক, রবীন্দ্র

(খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো :
রথদেখা, পঞ্চানন

(গ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :
মা এখন খাবার তৈরি করছেন।

(ঘ) সন্ধি করো :
সুধা + ইন্দু, বন + ওষধি

(ঙ) শব্দ ও পদের পার্থক্য কী?

(চ) ভাববাচ্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

(ছ) অনুজ্ঞাসূচক বাক্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

(জ) বিশেষণ কাকে বলে? একটি উদাহরণ দাও।

২. *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০

(ক) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (*যে কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) সবুজ ঘাসে ছেয়ে গেছে মাঠ।
(আ) সে মায়াকান্না কাঁদছে।
(ই) দীনদুঃখীকে অন্নবস্ত্রদান পরম ধর্ম।
(ঈ) আশ্রমে অন্নকূট উৎসব উঠে গেছে।
(উ) দিবসে সে ধন হারায়েছি।
(ঊ) চাতক কাতরে ডাকে।

(খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো (*যে কোনো পাঁচটি*) : ১×৫=৫

(অ) সে নিজে যেমন, অন্যকেও তেমনি ভাবে। (সরল বাক্যে)
(আ) তার শেষ নেই। (অস্ত্যর্থক বাক্যে)
(ই) অখিলেশ এখন নিরাপদ। (নঞর্থক বাক্যে)

(ঈ) নদীতীরের সৌন্দর্য অনুপম। (প্রশ্নবোধক বাক্যে)

(উ) তোমার নাম কী? (অনুজ্ঞাবাচক বাক্যে)

(ঊ) এ কী বেয়াদবি! (নির্দেশক বাক্যে)

(গ) অব্যয় কাকে বলে? অব্যয় কয়প্রকার ও কী কী? উদাহরণসহযোগে যে কোনো দুই প্রকার অব্যয় বিশ্লেষণ করো।

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (*যে কোনো পাঁচটি*) : ১×৫=৫

বিলাতফেরত, রুদ্রবীণা, খুশমেজাজ, গরমিল, চতুরঙ্গ, গুরুশিষ্য

৩. *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

(ক) কারক কাকে বলে? বিভক্তি কাকে বলে? উদাহরণসহ কারকের প্রকারভেদ বুঝিয়ে দাও।

(খ) বিশেষ্য পদ বলতে কী বোঝো? বিশেষ্য পদের সামগ্রিক পরিচয় দাও।

(গ) ব্যঞ্জনসন্ধি কাকে বলে? উদাহরণসহযোগে ব্যঞ্জনসন্ধির যে কোনো চারটি সূত্র বিশ্লেষণ করো।

(ঘ) ক্রিয়াপদ কাকে বলে? ক্রিয়াপদ কয়প্রকার ও কী কী? উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো।

———————